

সুনান আবূ দাউদ (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৩২৫৯

১৬/ শপথ ও মানতের বিবরণ (کتاب الأيمان والنذور) পরিচ্ছেদঃ ২৭৯. কাফফারাতে আযাদযোগ্য মুসলিম দাসী।

باب فِي الرَّقَبَةِ الْمُؤْمِنَةِ

আরবী

حَدَّثَنَا مُسَدَّدُ، حَدَّثَنَا يَحْيَى، عَنِ الْحَجَّاجِ الصَّوَّافِ، حَدَّثَنِي يَحْيَى بْنُ أَبِي كَثِيرٍ، عَنْ هِلاَلِ بْنِ أَبِي مَيْمُونَةَ، عَنْ عَطَاءِ بْنِ يَسَارٍ، عَنْ مُعَاوِيَةَ بْنِ الْحَكَمِ السُّلَمِيِّ، قَالَ قُلْتُ : يَا رَسُولَ اللَّهِ جَارِيَةٌ لِي صَكَكْتُهَا صَكَّةً . فَعَظَّمَ ذَلِكَ عَلَىَّ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم فَقُلْتُ أَفَلاَ أُعْتِقُهَا قَالَ : " النَّتِنِي بِهَا " . قَالَ : فَجِئْتُ بِهَا قَالَ : " أَيْنَ اللَّهُ " . قَالَ : فَجِئْتُ بِهَا قَالَ : " أَعْتِقُهَا فَإِنَّهَا مُؤْمِنَةٌ " . فَي السَّمَاءِ . قَالَ : " أَعْتِقْهَا فَإِنَّهَا مُؤْمِنَةٌ " . في السَّمَاءِ . قَالَ : " أَعْتِقْهَا فَإِنَّهَا مُؤْمِنَةٌ " .

বাংলা

৩২৫৯. মুসাদ্দাদ (রহঃ) মু'আবিয়া ইবন হাকাম সুলামী (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেনঃ একদা আমি বলি, ইয়া রাসূলাল্লাহ! আমার একটি দাসী আছে, যাকে আমি অনেক মারধর করেছি। এ ব্যাপারটি রাসূলুল্লাহ সাল্লাল্লাহ আলাইহি ওয়াসাল্লাম-এর জন্য কষ্টদায়ক মনে হয়। তখন আমি বলিঃ আমি কি তাকে আযাদ করে দেব না? তখন নবী সাল্লাল্লাহ আলাইহি ওয়াসাল্লাম বলেনঃ তাকে আমার কাছে নিয়ে এসো। রাবী বলেনঃ তখন আমি তাকে নিয়ে আসি। নবী সাল্লাল্লাহ আলাইহি ওয়াসাল্লাম তাকে জিজ্ঞাসা করেনঃ আল্লাহ্ কোথায়? সে বলেঃ আসমানে। এরপর তিনি জিজ্ঞাসা করেনঃ আমি কে? সে বলেঃ আপনি রাসূলুল্লাহ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম। তখন নবী সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম বলেনঃ তাকে আযাদ করে দাও, সে মুমিন।

English

Narrated Mu'awiyah b. al-Hakam al-Sulami:

I said: Messenger of Allah, I have a slave girl whom I slapped. This grieved the Messenger of Allah (ﷺ). I said to him: Should I not emancipate her? He said: Bring her to me. He said: Then I brought her. He asked: Where is Allah? She replied: In the heaven. He said: Who am I? She replied: You are the Messenger of Allah. He said: Emancipate her, she is a believer.



হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউল্ডেশন 🛘 বর্ণনাকারীঃ মু'আবিয়াহ্ ইবনু হাকাম (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন